# মেশিন রিডেবল পাসপোর্ট(এমআরপি) প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

প্রশ্ন : আমার মেশিন রিডেবল পাসপোর্টের (এমআরপি) শীঘ্রই মেয়াদ শেষ হতে চলেছে, আমি কিভাবে এটা নবায়ন করতে পারি ?

উত্তর : ডিআইপি ফরম-১ পূরণ করে নির্ধারিত স্থানে ০১ কপি ছবি লাগিয়ে ছবিসহ ফরমটি সত্যায়িত করে প্রয়োজনীয় কাগজপত্র (ফটোকপিসহ মূল পাসপোর্ট, এনআইডি/জন্ম নিবন্ধনের ফটোকপি, ফি প্রদানের কপি, ফেরত খাম, বিদেশে বসবাসের প্রমানপত্র (ভিসা কপি, ফটো আইডি বা বিদেশী পাসপোর্ট) সহ হাইকমিশনে প্রেরণ করতে হবে।

প্রশ্ন : এমআরপি পুনরায় (রি-ইস্যু) প্রদানের জন্য কি হাইকমিশনে আসতে হবে ?

উত্তর : ছবি ও ফিঙ্গারপ্রিন্ট পরিবর্তন করতে চাইলে হাইকমিশনে আসতে হবে; নতুবা ফেরত খাম এবং প্রয়োজনীয় কাগজপত্র সহ ডাকযোগে পাঠালেই চলবে। শারীরিক উপস্থিতির প্রয়োজন নেই।

প্রশ্ন : আমার কি এমআরপি সম্পর্কিত সেবার জন্য অ্যাপয়েন্টমেন্ট নেওয়া দরকার ?

উত্তর : হাইকমিশনে আসলে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে আসতে হবে।

প্রশ্ন : আমার হাতে লেখা পাসপোর্ট আছে, আমি কিভাবে এমআরপি পেতে পারি ?

উত্তর : হাতে লেখা পাসপোর্ট অবশ্যই মেয়াদোত্তীর্ন হয়েছে। তবে যে পুরনো হাতে লেখা পাসপোর্ট রয়েছে, ডিজিটাল জন্মনিবন্ধন অথবা এনআইডি/স্মার্ট এনআইডি এবং বিদেশে থাকার লিগ্যাল কাগজপত্র থাকতে হবে নতুন পাসপোর্টের জন্য। তারপর এমআরপির জন্য অনলাইনে ডিআইপি ফরম-১ পূরণ করে প্রিন্ট করতে হবে এবং নির্ধারিত স্থানে ০১ কপি ছবি লাগিয়ে ছবিসহ ফরমটি সত্যায়িত করে প্রয়োজনীয় কাগজপত্র (ফটোকপি সহ মূল পাসপোর্ট, এনআইডি/জন্ম, এনআইডি/জন্ম নিবন্ধনের ফটোকপি, ফি প্রদানের কপি, ফেরত খাম, বিদেশে বসবাসের প্রমানপত্র (ভিসা কপি, ফটো আইডি বা বিদেশী পাসপোর্ট) সহ আবেদন করতে হবে।

প্রশ্ন : আমার হাতে লেখা পাসপোর্ট ছিল এবং আমি এমআরপি পেতে চাই। আমার সেই আগের পাসপোর্ট নেই এবং ডিজিটাল জন্ম নিবন্ধন বা এনআইডিও নেই। আমার কেনো সেই পাসপোর্ট এবং ডিজিটাল জন্ম নিবন্ধন/এনআইডি লাগবে ?

উত্তর : এক্ষেত্রে হাতে লেখা পাসপোর্টের ফটোকপি থাকতে হবে এবং হারিয়ে গিয়ে থাকলে স্থানীয় থানায় পুলিশ রিপোর্ট করার রিপোর্টের কপি লাগবে। এছাড়া, ডিজিটাল জন্মনিবন্ধন/এনআইডি ছাড়া এমআরপি আবেদন করা যায় না। (উল্লেখ্য, বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা এবং বাংলাদেশ কনস্যুলেট, সিডনী অথবা বাংলাদেশ থেকে জন্ম নিবন্ধন সংগ্রহ করা যায়)।

প্রশ্ন : আমাকে কি হাতে লেখা পাসপোর্ট থেকে নতুন এমআরপির জন্য অনলাইনে ফরম পূরণ করতে হবে ?

উত্তর : হ্যা, অনলাইনে ফরমটি পূরণ করতে হবে।

প্রশ্ন : পাসপোর্টে ছবির সাইজ কত হবে ?

উত্তর : বাংলাদেশী পাসপোর্ট সাইজ (২৫-৩০ সেন্টিমিটার) অথবা অস্ট্রেলিয়ান পাসপোর্ট সাইজ ফটো।

প্রশ্ন : আমি অনলাইনে আবেদন করেছি কিন্তু এমআরপি অনলাইনে আবেদন করার সময় আমার আইডি/পাসওয়ার্ড কেন পাই না ?

উত্তর : অনলাইনে ফরমটি পুরণ করে সাথে সাথেই প্রিন্ট করে নিতে হয়। বর্তমানে চালু সিস্টেমে আইডি/পাসওয়ার্ড পাওয়া যায় না বা এটি দূতাবাসের সিস্টেমেও আসে না। তবে ফরমটি পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সহ হাইকমিশনে আবেদনটি পৌছানোর পর কার্যক্রম শুরু হয়।

প্রশ্ন : আমি অনলাইনে পূরণ করার চেষ্টা করছি কিন্তু ব্যাংকের বিবরণ সব বাংলাদেশী ব্যাংকের বিবরণ দেখা যাচ্ছে ?

উত্তর : অনলাইনে ফরমটি পূরন করার সময় প্রথমেই applying in-Australia সিলেক্ট করতে হয়। তা'হলে বাংলাদেশের ব্যাংকের নাম আসবে না।

প্রশ্ন : আমাকে কি ফরমটি সত্যায়িত করতে হবে? কিন্তু ফরমের ৪র্থ পৃষ্ঠায় (প্রত্যায়ন অংশ) বাংলায় লেখা আছে এবং কেউ তা সত্যায়িত করতে চায় না।

উত্তর : সত্যায়নকারি বিদেশী হলে, বাংলা অংশটি ইংরেজিতে অনুবাদ করে নিতে হবে (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যেতে পারে)।

প্রশ্ন : কেন আমার নাম/জন্ম তারিখ পরিবর্তন করতে পারি না ?

উত্তর : সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়/পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, ঢাকার নির্দেশ মোতাবেক বর্তমানে নাম, পিতা/মাতার নাম এবং জন্ম তারিখ পরিবর্তনের সুযোগ নেই।

প্রশ্ন : আমি কি অস্ট্রেলিয়া থেকে ই-পাসপোর্ট পেতে পারি ?

উত্তর : এখনও অস্ট্রেলিয়ায় ই-পাসপোর্ট সিস্টেম চালু হয় নাই। তবে এক বৎসরের মধ্যে এ সেবা চালুর সম্ভাবনা আছে।

প্রশ্ন : আমার আবেদন কোথায় পাঠাতে হবে ?

উত্তর : বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরায় পাঠাতে হবে ।
ঠিকানা : (Bangladesh High Commission, 57 Culgoa Circuit, O'Malley
Canberra, ACT 2606) ।

প্রশ্ন : আমার আবেদনের অবস্থা (স্টাটাস) জানতে কোথায়, কোন নম্বরে কল করা উচিৎ ? যোগাযোগ করার জন্য ই-মেইল ঠিকানা কোনটি ?

উত্তর : বাংলাদেশ হাইকমিশনের ফোন নম্বর : +61 2 62900511, +61 2 62900522, 61 2 6290 0533
ই-মেইল : mrp.canberra@mofa.gov.bd

প্রশ্ন : এমআরপি ডেলিভারি পেতে কতদিন সময় লাগতে পারে ?

উত্তর : এমআরপি পুন:প্রদানের (রি-ইস্যু) ক্ষেত্রে সাধারনত জরুরী/এক্সপ্রেস পেমেন্টের (অ:ডলার ২৯০.০০) জন্য ২০-২৫ কার্যদিবস, সাধারন পেমেন্টের জন্য (অ:ডলার ১৪৫.০০) জন্য ৩০-৩৫ কার্যদিবস প্রয়োজন হয়।

প্রশ্ন : হাতে লেখা পাসপোর্ট থেকে এমআরপি পাওয়ার জন্য প্রত্যাশিত ডেলিভারি সময় কতো ?

উত্তর : হাতে লেখা মেয়াদোত্তীর্ন পাসপোর্টের ক্ষেত্রে আবেদনকারীর স্থায়ী ঠিকানায় পুলিশ ভেরিফিকেশন প্রয়োজন হয়। সংশ্লিষ্ট জেলার পুলিশের বিশেষ শাখা হতে পুলিশ ভেরিফিকেশন হয়ে আগারগাঁও ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় পুলিশ রিপোর্ট হস্তান্তর হলে পাসপোর্ট প্রিন্ট হয়। এতে হাইকমিশনের কোন ভূমিকা থাকে না। উল্লেখ্য, পুলিশ রিপোর্ট পজিটিভ হলে পাসপোর্ট হয়, আর নেগেটিভ রিপোর্টের ক্ষেত্রে পাসপোর্ট প্রিন্ট হয় না। এক্ষেত্রে ৩-৪ মাস এমনকি তারও বেশী সময় লাগতে পারে।

প্রশ্ন : আমি কিভাবে এমআরপি আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারি ?

উত্তর : হাইকমিশনে ই-মেইল বা ম্যাজেস-এ আপনার নাম ও জন্ম তারিখ উল্লেখ করে জানা যেতে পারে।

প্রশ্ন : আমি কিভাবে পোস্ট ট্র্যাক করতে পারি ?

উত্তর : হাইকমিশন থেকে এমআরপি পোস্ট করার পর আপনার ফেরত খামের ট্রাকিং নম্বর থাকলে অস্ট্রেলিয়ান পোস্ট অফিসে ট্রাক করে পাসপোর্টের অবস্থান জানতে পারবেন।

প্রশ্ন : ক্যানবেরার দক্ষিন এশিয়ার দেশগুলোর অন্যান্য দূতাবাসের তুলনায় বাংলাদেশ হাইকমিশনের ডেলিভারীর সময় কেমন ?

উত্তর : প্রায় অর্ধেক সময় লাগে।

প্রশ্ন : বিলম্বের সম্ভাব্য কারনগুলো কি কি ?

উত্তর : বিভিন্ন তথ্য পরিবর্তন: যেমন- নাম, পিতা/মাতার নাম, জন্ম তারিখ, জন্ম নিবন্ধন/এনআইডি নম্বর পরিবর্তন, স্থায়ী ঠিকানা পরিবর্তন, বৈবাহিক অবস্থার পরিবর্তন/ পেশা পরিবর্তন ইত্যাদি কারনে পাসপোর্ট পেতে দেরী হতে পারে। এর বাইরে ভুল তথ্যেও জন্য পাসপোর্ট ইস্যু নাও হতে পারে

-------------